BIID Foundation | INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2026 | Nutrition Club — Engaging youth in nutrition

## ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

# প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ প্রজেক্ট আইডিয়া

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য 'উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকা সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা 'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

### প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা (Project Idea Competition)

এই বিভাগটি শিশু, কিশোর, যুবক এবং তরুণ পেশাদারদের এমন কিছু উদ্ভাবনীন ও ব্যবহারিক প্রজেক্ট আইডিয়া জমা দিতে উৎসাহিত করে, যা স্থানীয় ব্যবসা, উদ্যোক্তা উদ্যোগ এবং খাদ্য ব্যবস্থার আধুনিকায়নের মাধ্যমে পুষ্টির উন্নয়নে অবদান রাখবে। নির্বাচিত প্রজেক্ট আইডিয়াগুলো ভবিষ্যতে পাইলটিং (পরীক্ষামূলক চালু), মেন্টরশিপ (পরামর্শ) এবং বিআইআইডি ফাউন্ডেশন ও সহযোগী সংস্থাগুলোর মাধ্যমে প্রদর্শনের জন্য বিবেচনা করা হতে পারে।

**বয়স গ্রুপ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক:** আমার স্বাস্থ্যকর নাস্তার কার্ট

**গ্রুপ খ:** বর্জ্য / খোসা থেকে পণ্য

**গ্রুপ গ:** কমিউনিটি নিউট্রিশন এন্টারপ্রাইজ হাব

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং নিবন্ধনের সময় 'প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা' সিলেক্ট করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগী এককেভাবে অথবা দলগতভাবে (সর্বচ্চ ৩ জন)অংশগ্রহণ করতে পারবে
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নুন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**প্রজেক্ট আইডিয়া জমা দেওয়া শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

   নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল
2. **প্রজেক্ট আইডিয়ার শিরোনাম:**
   - সংক্ষিপ্ত, সুনির্দিষ্ট, গবেষনার বিষয়বস্তুর প্রতিফলনশীল হবে।
     সংক্ষিপ্ত রুপ এড়িয়ে চলুন।

3. **প্রজেক্ট আইডিয়ার কাঠামো (Project Idea Structure)**
    - প্রজেক্ট আইশিয়ার সংক্ষিপ্ত রূপ (সর্বচ্চ ৫০০ শব্দ) (মিশন, লক্ষ্য ও উদ্দেশ্য)
    - কোন চ্যালেঞ্জগুলি মোকাবেলা করতে হবে, সুবিধা এবং অসুবিধা
    - প্রত্যাশিত ফলাফল
    - রিসোর্সের প্রয়োজনীয়তা এবং উৎস
    - ধারনার সাথে প্রাসঙ্গিক অন্যান্য তথ্য (সর্বচ্চ ৫০ শব্দ)
    - তথ্যসূত্র
4. **কীওয়ার্ড:**
   প্রজেক্ট আইডিয়ার সাথে প্রাসঙ্গিক ৩-৪ টি কিওয়ার্ড অন্তর্ভুক্ত করুন।
5. **ফরম্যাটিং (Formatting)**
   ফন্ট (Font): ইংরেজি লেখার জন্য Gill Sans MT / বাংলা লেখার জন্য Kalpurush
   ফন্টের সাইজ (Font Size): **১২**
   কাগজের সাইজ: A4 সাইজ পেপার
6. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
7. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

অংশগ্রহনকারীরা গুগল ফর্ম/ইমেইলের মাধ্যমে পোস্টার (পিডিএফ/পিপিটি) জমা দিবেন। (মেইলের সাব্জেক্টে 'প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা' উল্লেখ করতে হবে)

**প্রাথমিক বাছাই:**

- প্রতিটি বয়সের সেরা ১৫ টি প্রজেক্ট আইডিয়া ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ উপস্থাপনের জন্য তালিকাভুক্ত করা হবে

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি গ্রুপ থেকে সেরা ৩টি প্রজেক্ট আইডিয়া বিজয়ী হিসেবে ঘোষনা করা হবে।

**স্কোরঃ**

| ক্রম | মূল্যায়নের মাপকাঠি | নম্বর |
|---|---|---|
| ১. | যুক্তি | ২০ |
| ২. | সমাধান | ৩০ |
| ৩. | প্রভাব | ২০ |
| ৪. | কাজ করার ক্ষমতা | ১৫ |
| ৫. | উপাদানের উপস্থিতি | ১৫ |
| মোট | | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- কার্যক্রম অবশ্যই মৌলিক হতে হবে এবং অংশগ্রহণকারীদের দ্বারা তৈরি হতে হবে, তবে পরামর্শদাতাদের নির্দেশনা গ্রহণ করা যাবে। কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বা কোনো অনলাইন সহায়ক সরঞ্জাম ব্যবহার করে তৈরি করা করণীয় কাজ অযোগ্য বলে বিবেচিত হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোনো ধরনের অসদাচরণের ফলে অযোগ্য ঘোষণা করা হবে।
- আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।
- নির্বাচিত কাজগুলো INO, নিউট্রিশন ক্লাব এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা যাবে।

**যোগাযোগঃ**

প্রজেক্ট আইডিয়া প্রতিযোগিতা সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন বা তথ্যের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**